গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, ঢাকা।
Web: dch.gov.bd

## গণ বিজ্ঞপ্তি

গণ বিজ্ঞপ্তি নং- ০১ তারিখ: /০৯/২০২৩ খ্রিষ্টাব্দ।

বিষয়: কুরিয়ার সার্ভিস (শুল্কায়ন) পরিচালনা এবং লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ অনুযায়ী লাইসেন্স গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুরিয়ার সার্ভিস (শুল্কায়ন) পরিচালনা এবং লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ অনুযায়ী কাস্টমস এর লাইসেন্সিং কর্তৃপক্ষ হতে লাইসেন্স গ্রহণ না করলে কাস্টমস কম্পিউটার সিস্টেম তথা ASYCUDA World System এ Access এর কোন সুযোগ নাই। যে সকল কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান কুরিয়ার সার্ভিস (শুল্কায়ন) পরিচালনা এবং লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ এর বিধি-৪ এর উপ-বিধি (৫) এর শর্তানুযায়ী পণ্য সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের অভ্যন্তরে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত স্থানের বরাদ্দ পত্রের অনুলিপি দাখিল করেননি এবং মাননীয় হাইকোর্টে বিভাগের পর্যবেক্ষণ থাকায় সে সকল কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান সমূহের অনুকূলে এ দপ্তর হতে ইস্যুকৃত User ID ও Password সাময়িকভাবে স্থগিত (Suspend) করা হয়। পরবর্তীতে কতিপয় কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত স্থান বরাদ্দপত্রসহ সংশ্লিষ্ট দলিলাদি দাখিলপূর্বক এ দপ্তর হতে লাইসেন্স গ্রহণ করেছেন। কিন্তু কিছু কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান অদ্যাবধি লাইসেন্স প্রাপ্তির জন্য কোন আবেদনপত্র দখিল করেননি।

০৩। এমতাবস্থায়, যে সকল কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান কুরিয়ার সার্ভিস (শুল্কায়ন) পরিচালনা এবং লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ অনুযায়ী এ দপ্তর হতে লাইসেন্স গ্রহণ করেননি কিংবা লাইসেন্স গ্রহণের জন্য আবেদনপত্র দাখিল করেননি তাদের আগামী ৩০/০৯/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত স্থান বরাদ্দপত্রসহ লাইসেন্স প্রাপ্তির আবেদন দাখিলপূর্বক এ দপ্তর হতে লাইসেন্স গ্রহণের জন্য বলা হলো অন্যথায় তাদের অনুকূলে User ID ও Password স্থায়ীভাবে বন্ধ করা হবে। উক্ত তারিখের পর সময় বৃদ্ধির আর কোন আবেদন গ্রহণ করা হবে না।

স্বাক্ষরিত
একেএম নুরুল হুদা আজাদ
কমিশনার
কাস্টম হাউস, ঢাকা।
ফোন: +৮৮০২-৮৯০১৫৭৭
e-mail: dch@nbr.gov.bd

নথি নং- ৫-কাস-০৮(১৪)কুরিয়ার সার্ভিস লাইঃ/বিবিধ/২০২২/ তারিখ: ১৮/০৯/২০২৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
০২। চেয়ারম্যান, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, কুর্মিটোলা, ঢাকা।
০৩-০৪। অতিরিক্ত কমিশনার-১ ও ২, কাস্টম হাউস, ঢাকা।
০৫-০৭। যুগ্ম কমিশনার-১, ২ ও ৩, কাস্টম হাউস, ঢাকা।
০৮। ইডিপি ম্যানেজার/সহকারী ইডিপি ম্যানেজার (সদর দপ্তর), কাস্টম হাউস, ঢাকা (আপনাকে উক্ত বিষয়টি সিস্টেমে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

০৯-১২। ডেপুটি/সহকারী কমিশনার, অপারেশন/প্রিভেন্টিভ/এয়ারফ্রেইট ইউনিট/কুরিয়ার ইউনিট, কাস্টম হাউস, ঢাকা।

১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, International Air Express Association of Bangladesh (IAEAB), হাউস-৬৫, ইউনিট-এ৪ (৫ম তলা), রোড-১৭, ব্লক-সি, বনানী, ঢাকা-১২১৩।

১৪। নোটিশ বোর্ড, কাস্টম হাউস, ঢাকা।

১৫। অফিস কপি।

14.09.23

ইসরাত জাহান রুমা
ডেপুটি কমিশনার
কাস্টম হাউস, ঢাকা।